

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা  
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২০০.২৫.০০১.২৪.৩৪

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০  
০৪ মার্চ ২০২৪

বিষয়: ৭৬তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীর বর্ধিত মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আগামী ০৯/০৩/২০২৪ হতে ০৪/০৯/২০২৪ তারিখ পর্যন্ত ১৮০ দিন (০৬ মাস) মেয়াদে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)-তে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক অনুষ্ঠেয় ৭৬তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (এফটিসি)-এ অংশগ্রহণের লক্ষ্যে মোট ০৪ (চার) জন কর্মকর্তাকে নির্দেশক্রমে বর্ধিত মনোনয়ন প্রদান করা হলো (মনোনীত কর্মকর্তাগণে তালিক)।

২। শর্তাবলি:

(ক) কোর্সটি সম্পূর্ণ আবাসিক;

(খ) প্রশিক্ষণার্থীগণকে আগামী ০৮/০৩/২০২৪ তারিখ বিকাল ০৪.০০ টার মধ্যে আবশ্যিকভাবে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার-এ রিপোর্ট করতে হবে। কোর্সের তথ্য সংক্রান্ত বিষয়ে জনাব মোস্তাক আহম্মেদ, পরিচালক (উপসচিব) ও কোর্স পরিচালক, মোবাইল: ০১৮১৯-৪৯৯৪২১ ও মোহা: তাহমিনা আক্তার, উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব), কোর্স সমন্বয়ক, মোবাইল: ০১৭১৬-৯৯৪৮১৭ এবং অনলাইনে রেজিস্ট্রেশন সংক্রান্ত সহযোগিতার জন্য জনাব তানজুর আহমেদ জোয়ার্দার, সহকারী প্রোগ্রামার ও কোর্স সমন্বয়ক, মোবাইল: ০১৭১২-৫৪৩০৩৩ এর সাথে যোগাযোগ করা যাবে;

(গ) মনোনীত কর্মকর্তাগণ আগামী ০৭/০৩/২০২৪ তারিখ বিকাল ০৪.০০ টার মধ্যে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর ওয়েবসাইট ([www.bpatc.gov.bd](http://www.bpatc.gov.bd)) -এ Online Registration সম্পন্ন করবেন;

(ঘ) যথোপযুক্ত কারণ ব্যতিরেকে কোন কর্মকর্তা ৭৬তম বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণ না করলে তিনি পরবর্তী কোন বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবেন না এবং তাঁর বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্ন করার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের দায়দায়িত্ব থাকবে না;


(ঙ) প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ বেতন ও ভাতাদি সরকারি নিয়মে নিজ নিজ দপ্তর হতে গ্রহণ করবেন;

(চ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের “জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩” এর অনুচ্ছেদ ৮-এর ৮.১-এর নিম্নোক্ত শর্তদ্বয় বুনিয়াদি প্রশিক্ষণ সংশ্লিষ্ট অন্যান্য শর্তাবলি এ ক্ষেত্রে প্রযোজ্য হবে:

(৮.১-ঘ) চাকরিতে প্রবেশের ২ (দুই) বছর এর মধ্যে যথাযথ কারণ ব্যতীত কোনো ক্যাডার কর্মচারী বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্ন না করলে তাকে চাকরি থেকে অব্যাহতি প্রদান করা যাবে; এবং

(৮.১-ঙ) বুনিয়াদি প্রশিক্ষণে কোনো ক্যাডার কর্মচারী অকৃতকার্য হলে তিনি পরবর্তীতে আর

১ (এক) বার প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ পাবেন।



৪-৩-২০২৪

মোঃ তৌহিদ-বিন-হাসান

উপসচিব

ফোন: ৯৫১৫৫২৫

ইমেইল: it1@mopa.gov.bd

রেস্টুর

রেস্টুর এর দপ্তর

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)


স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২০০.২৫.০০১.২৪.৩৪/১(১৩)

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০

০৪ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৪) সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়
- ৫) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৬) পরিচালক, পিপিআর অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)।
- ৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৯) চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা এর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১০) হিসাবরক্ষণ কর্মকর্তা/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, .....
- ১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২) সংশ্লিষ্ট কর্মকর্তা, .....
- ১৩) অফিস কপি/, মাস্টার ফাইল।



৪-৩-২০২৪

মোঃ তৌহিদ-বিন-হাসান

উপসচিব